

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd



স্মারক নং-স্বাপকম/স্বাসেবি/প্রশা-১/এডি/২সি-৬/০৯-৪০২


তারিখঃ ১৮ মার্চ ২০২০ খ্রিস্টাব্দ
০৪ চৈত্র ১৪২৬ বঙ্গাব্দ

বিষয়ঃ স্বাস্থ্য অধিদপ্তরাধীন বিভিন্ন প্রতিষ্ঠানে ফার্মাসিস্ট পদে সরাসরি নিয়োগযোগ্য ৩য় শ্রেণির শূন্য পদে জনবল নিয়োগের ছাড়পত্রের মেয়াদ বৃদ্ধি

- সূত্রঃ (১) স্বাস্থ্য সেবা বিভাগের স্মারক নং- স্বাপকম/প্রশা-১/এডি/২সি-৬/০৯/১৫৫৬, তারিখঃ ১২/১১/২০১২ খ্রিঃ
(২) স্বাস্থ্য সেবা বিভাগের স্মারক নং- স্বাসেবি/প্রশা-১/এডি/২সি-৬/০৯/৯৭৮, তারিখঃ ০৭/০৭/২০১৯ খ্রিঃ
(৩) স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং- স্বাঃঅধিঃ/প্রশা-২/ফার্মাসিস্ট নিয়োগ-০১/২০১২/৫৪৭, তারিখঃ ২৭/০১/২০২০ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন বিভিন্ন প্রতিষ্ঠানে সরাসরি নিয়োগযোগ্য ৩য় শ্রেণির ফার্মাসিস্ট এর ৬৩৭টি শূন্য পদে জনবল নিয়োগের লক্ষ্যে ১নং সূত্রোক্ত স্মারকে ছাড়পত্র প্রদান করা হয় পরবর্তীতে ২নং সূত্রোক্ত স্মারকে ছাড়পত্রের মেয়াদ ১২/১১/২০১৩ খ্রিঃ তারিখ হতে ৩১/১২/২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়।

২। এমতাবস্থায়, ৩নং সূত্রোক্ত স্মারকের আলোকে ১ ও ২ নং স্মারকের সকল শর্তাবলী অপরিবর্তিত রেখে উক্ত ছাড়পত্রের মেয়াদ ০১/০১/২০২০ খ্রিঃ তারিখ হতে ৩১/১২/২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১ (এক) বছর বর্ধিত করা হল এবং বিজ্ঞ আদালতের কোন আদেশ দ্বারা বারিত না হলে জনবল নিয়োগের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।


(খন্দকার জাকির হোসেন)
উপসচিব

ফোনঃ ৯৫৭৭৯৮৫
admin1@hsd.gov.bd

মহাপরিচালক
স্বাস্থ্য অধিদপ্তর
মহাশুল্লা, ঢাকা
[স্বাক্ষরিত আকর্ষণঃ পরিচালক (প্রশাসন)]

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৩। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪। অতিরিক্ত সচিব (অভ্যন্তরীণ প্রশাসন ও শৃঙ্খলা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৫। মুদ্রা-সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd



স্মারক নং- ৪৫.০১.০০০০.১৪০.১১.০০২.১৯-৪৮৬

তারিখঃ ১৮ মার্চ ২০২০ খ্রিস্টাব্দ
০৪ চৈত্র ১৪২৬ বঙ্গাব্দ

বিষয়ঃ স্বাস্থ্য সেবা বিভাগের অধীন স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী ঢাকা কার্যালয়ে আউটসোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগের প্রশাসনিক
অনুমোদন

- সূত্রঃ (১) অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা অধিশাখা-৬ এর স্মারক নং- ০৭.০০.০০০০.১৫৬.১৫.০০৪.২০-১১৫, তারিখঃ ১৯/০২/২০২০ খ্রিঃ
(২) স্বাস্থ্য সেবা বিভাগের স্মারক নং- ৪৫.০১.০০০০.১৪০.১১.০০২.১৯-১৭৯৯, তারিখঃ ০৫.১২/২০১৯ খ্রিঃ
(৩) স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং- স্বাঃ অধিঃ/প্রশা-২/আউট সোর্সিং/স্বাস্থ্য অধিদপ্তর/২০১৭/৯১৭৮, তারিখঃ ২৭/১০/২০১৯ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকসমূহের পরিপ্রেক্ষিতে স্বাস্থ্য সেবা বিভাগের অধীন স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী ঢাকা কার্যালয়ে
পরিষ্কার পরিচ্ছন্নতা ও সার্বক্ষণিক সেবা নিশ্চিতকরণার্থে আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ এর ৩ (২) অনুচ্ছেদ অনুযায়ী
নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে ২০১৯-২০২০, ২০২০-২০২১ ও ২০২১-২০২২ অর্থ বছরের জন্য নিম্নোক্ত ৩৬ জন সেবা কর্মীর সেবা ক্রয়ের নিমিত্তে
নির্দেশক্রমে সম্মতি জ্ঞাপন করা হলঃ


প্রতিষ্ঠানের নাম	ক্রমিক নং	সেবার ধরন	সেবা কর্মীর সংখ্যা	সেবার ক্যাটাগরি
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী ঢাকা	১	ইলেকট্রিশিয়ান	০২	ক্যাটাগরি-১
	২	লিফটম্যান	০২	ক্যাটাগরি-৫
	৩	নিরাপত্তা প্রহরী	১০	ক্যাটাগরি-৫
	৪	পরিচ্ছন্নতা কর্মী	২০	ক্যাটাগরি-৫
	৫	ম্যাসেঞ্জার	০২	ক্যাটাগরি-৫
মোট-৩৬টি				

শর্তাবলীঃ

- (ক) অর্থ বিভাগের পরিপত্র নং ০৭.১৫৩.০২৯.০৭.০০.০১.২০১৯-২৫৯, তারিখঃ ১০/০৬/২০১৯ অনুযায়ী জনপ্রতি সেবার
মূল্য নির্ধারণ করতে হবে;
- (খ) সেবা কর্মীর মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের সার্ভিস কমিশনের হার ন্যূনতম ৫% এর কম
হবে না;
- (গ) আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা প্রদানকারীর সেবা মূল্য সেবা প্রদানকারীর নিজ নামীয় ব্যাংক হিসাবে সেবা ক্রয়কারী
কর্তৃক প্রদেয় হবে;
- (ঘ) এ সেবা ক্রয়ের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর বিধি-
বিধান অনুসরণ করতে হবে;

- (ঙ) পরিচ্ছন্নতা কর্মীর সেবা ক্রয়ের ক্ষেত্রে হরিজন সম্প্রদায়কে অগ্রাধিকার দিতে হবে; এবং
- (চ) আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা ক্রয়ের ক্ষেত্রে অর্থ মন্ত্রণালয়ের সকল নির্দেশনা (জারিকৃত বা জারিতব্য) প্রযোজ্য হবে।

সংযুক্তিঃ বর্ণনামতে


(খন্দকার জাকির হোসেন)
উপসচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
admin1@hsd.gov.bd

মহাপরিচালক
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা
[দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (প্রশাসন)]

অনুলিপিঃ

- ১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃঃআঃ যুগ্মসচিব (ব্যয় ব্যবস্থাপনা-৬)]।
- ২। যুগ্মসচিব (বাজেট-১/২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। উপসচিব, পার-৪, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮। অতিরিক্ত সচিব (অভ্যন্তরীণ প্রশাসন ও শৃঙ্খলা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৯। যুগ্ম-সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।